



উখিয়া (কক্সবাজার) : মোকোতে বসে ঘিনি শিক্ষা গ্রহণ করছে হেফজখানার ছাত্ররা

ইত্তেফাক

## মুখ খুবড়ে পড়েছে উখিয়ার ঘিনি শিক্ষা প্রতিষ্ঠান

■ উখিয়া (কক্সবাজার) সংবাদদাতা

উখিয়ার অজপাড়াগায়ে গড়ে উঠা ঘিনি শিক্ষা প্রতিষ্ঠানগুলো চলছে খুঁড়িয়ে খুঁড়িয়ে। সরকারি, বেসরকারি, দাতা সংস্থাসহ গ্রামবাসীর সহায়তাবিহীন অবস্থায় চলমান হেফজখানা, এবতেদায়ী ও এতিমখানাসহ অধিকাংশ ঘিনি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা উপকরণ যেমন- ছাত্র-ছাত্রীদের পড়ালেখা করা, বেক, মানসম্মত প্রতিষ্ঠান ও তহসংলগ্ন খাওয়ার পানির ব্যবস্থাসহ টয়লেট না থাকায় পড়ালেখায় উজ্জ্বল সম্ভাবনা থাকা সত্ত্বেও মুখ খুবড়ে পড়ে আছে এসব প্রতিষ্ঠানগুলো। সম্প্রতি উপজেলার রাজাপালং ইউনিয়নের কুতুপালং হাজামপাড়া আরিফিয়া হিফজুল কোরআন মাদ্রাসা ও এতিমখানা ঘুরে ছাত্র ও শিক্ষকদের সঙ্গে আলাপকালে এসব সংকট সমস্যার কথা উঠে আসে।

মাদ্রাসা অধ্যক্ষ হাফেজ হৈয়দুল ইসলাম জানান, ২শতাধিক হতদরিদ্র জনবসতির উপর নির্ভর করে হাজামপাড়া গ্রামের পরিত্যক্ত স্থানে ২০১৪ সালের ১ জানুয়ারি এ মাদ্রাসাটিতে শিক্ষা ব্যবস্থা চালু হয়।

স্থানীয় প্রবাসী আবু আহমদের দেয়া প্রায় এক একর জমির উপর নিজস্ব অর্থায়নে বাঁশ ও টিনের বেড়া দিয়ে তৈরি করা এ হেফজখানায় বর্তমানে শতাধিক ছাত্র রয়েছে। যাদের পরিবার নুন আনতে পানতা ফুরায়। ছাত্রদের মাসিক অনুদানের উপর ভর করে এ মাদ্রাসার ভরণপোষণ চলে আসলেও অধিকাংশ ব্যয়ভার বহন করতে হচ্ছে ঋণের উপর।